



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

" আফগানিস্তান দখল করা সহজ কিন্তু শাসন করা কঠিন " -সাবেক পররাষ্ট্র সচিব শহীদুল হক

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

তালেবানরা ধর্মীয় দিক দিয়ে ক্ষমতা দখল করেছে, কিন্তু এটা কত দিন ধরে রাখবে সেটা একটা বিষয়। কেননা ভূ-রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় আফগানিস্তানে কেউই শাসন ক্ষমতায় দীর্ঘদিন স্থায়ী হতে পারেনি। তাই বর্তমানে ক্ষমতায় অধিষ্ঠিত তালেবানরা কতদিন তাদের ক্ষমতা ধরে রাখতে পারে তা দেখার বিষয়। আফগানিস্তান দখল করা সহজ কিন্তু শাসন করা কঠিন " লোক প্রশাসন বিভাগ বরিশাল বিশ্ববিদ্যালয়ের আয়োজনে "A New Chapter in Afghanistan in a New World: Implication for South Asia" শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভায় কথাগুলো বলেন। মূখ্য আলোচক সাবেক পররাষ্ট্র সচিব শহীদুল হক ববি লোক প্রশাসন বিভাগের চেয়ারম্যান রিফাত মাহমুদের সভাপতিত্বে ভার্চুয়াল আলোচনায় প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশেষ অতিথি হিসেবে যুক্ত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. দেলোয়ার হোসেন। স্বাগত বক্তব্য রাখেন লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক মোঃ সিরাজিস সাদিক। সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের সকল শিক্ষকবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষকবৃন্দ, দপ্তর প্রধানগণ, লোক প্রশাসন বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা সংযুক্ত ছিলেন। এছাড়াও ভার্চুয়াল এ সভায় বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের শিক্ষকবৃন্দও সংযুক্ত ছিলেন। অনুষ্ঠানটি সম্বলনা করেন লোক প্রশাসন বিভাগের প্রভাষক তাসনিয়া সুমাইয়া।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস